মেহেরপুর পৌরসভার শহর সমন্বয় কার্যপরিধি বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুর পৌরসভার উদ্যোগে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের সহযোগীতায় শহর সমন্বয় কমিটির গঠন ও কার্যপরিধি বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে পৌর কালাচাঁদ সভাকক্ষে এ কার্যপরিধি বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এ প্রশিক্ষণের উদ্বোধন করেন।
প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকার তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের সিডিও সুমনা মোস্তফা ও ফরিদপুর অঞ্চলের রিজোনাল কো-অডিনিটর আব্দুল মান্নান।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফ রাজীব, আলপনা খাতুন, সচিব তৌফিকুল আলম সহ কাউন্সিলরবৃন্দ, নাগরিক সমাজের প্রতিনিধি, পেশাজীবী প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি ও সিডিএ প্রতিনিধিগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

- নিজস¦ প্রতিনিধি

মেহেরপুর শালিকায় তাঁতী লীগের পরিচিত সভা ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড তাঁতী লীগের পরিচিত সভা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে শালিকা গ্রামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ৮ নম্বর ওয়ার্ড তাঁতী লীগের আহবায়ক ইজারুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল।

প্রধান বক্তা ছিলেন জেলা তাঁতী লীগের সভাপতি নুর ইসলাম সুবাদ। বিশেষ অতিথি ছিলেন জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুলেল রানা, ইউপি সদস্য সানোয়ার হোসেন,

মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, উপজেলা যুবলীগের সভাপতি আনোয়রুল ইসলাম আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, সদর থানা ছাত্রলীগের আহবায়ক মাহফুজুর রহমান, মুজিবনগর উপজেলা তাতীলীগের আহবায়ক পবির শেখ যুগ্ম আহবায়ক আসাদুল হক বীর প্রমূখ।

এ সময় উপস্থিত ছিলেন বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সহ সভাপতি ফুলচাদ মিয়া, ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি কাদের আলী , জেলা তাঁতী লীগের সদস্য টিটন, আতিকুল সাহেব, রায়হান,রাজীব সহ তাতীলীগের নেতাকর্মীরা।

- নিজস্ব প্রতিনিধি

গতিধারা প্রকাশনীর কর্ণধার লেখক সিকদার আবুল বাশার আর নেই

“মেহেরপুরের ইতিহাস ও ঐতিহ্য” বইয়ের প্রকাশক, গতিধারা প্রকাশনীর কর্ণধার, লেখক সিকদার আবুল বাশার আর নেই (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

গতকালসোমবার বাংলা বাজারের কর্মস্থলে তার আকস্মিক হার্ট অ্যাটাক হয়। সেখান থেকে ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পর দুপুরে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

প্রতিদিনের মতো গতকাল সকালে তিনি তাঁর প্রকাশনা সংস্থায়

এসেছিলেন। সেখানেই তার হার্ট অ্যাটাক হয়।

এরপর তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই তার মৃত্যু হয়। তার মৃত্যুতে প্রকাশনা জগতে গভীর শোকের ছায়া নেমে আসে।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুর শহরে রাতে গবাদি পশুর বিচরণ

মেহেরপুর শহরের সড়ক গুলো রাতে বেওয়ারিশ গবাদি পশুর উৎপাত বেড়ে গেছে। এই উৎপাতের হাতে রক্ষা পেতে গতকাল সোমবার রাতে যুবলীগ নেতা আফজাল হোসেন লিখন বেশ কয়েকটি গরু বিদ্যুতিক পোলে বেধে রাখেন।

স্থানীয়রা জানায় প্রতিদিন রাতে গরু গুলো বেওয়ারিশ ভাবে রাস্তার উপর ঘুরে বেড়ায় এ সময় শহরের রাস্তা গুলো চলাচলের অনউপযোগী হয়ে যায়।

- নিজস্ব প্রতিনিধি

মোনাখালীতে মিডার উদ্যোগে রচনা প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে মোনাখালী শিক্ষা উন্নয়ন সংঘ (মিডা) সমাজ সংস্কারে মহানবী হযরত মোহাম্মদ (সাঃ) এর ভ‚মিকা

বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন করেছিল। উক্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীদের নিয়ে পুরষ্কার বিতরনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মিডার সাধারণ সম্পাদক আল-ইকরাম সোহাগ এর সন্ঞ্চালনায় সভাপতি মনিরুল ইসলাম মুহিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ১ নং ওয়ার্ড এর মেম্বর মাফিজুর রহমান, মোনাখালী ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক মো: ওমর ফারুক, আব্দুল খালেক মালিতা, মো: জিনারুল ইসলাম।

প্রতিযোগীতায় অংশগ্রহনকারীদের মধ্যে প্রথম ৫ জন কে বই এবং সকলকে স্বান্তনা পুরষ্কার দেওয়া হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহ সভাপতি রাজু আহমেদ, সালাউদ্দীন আহমেদ, পাঠাগার সম্পাদক আসিফ ইকবাল শুভ, সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ মুন্না, সদস্য রাকিব হাসান, সাব্বির বিশ্বাস, অন্তর, জিহাদ প্রমুখ।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে হযরত মোহাম্মদ (সঃ) এর আদর্শ ধারন করে নিজেদের সমাজের জন্য সুগঠিত করতে দিকনির্দেশনা মূলক বক্তব্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর

সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

সভায উপস্থিত ছিলেনমুজিবনগর থানার ওসি আব্দুল হাশেম, কৃষি অফিসার আনিসুজ্জামান খাঁন বাইজিদ, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আবদুল হাসেম, সমাজসেবা অফিসার আব্দুর রব, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান (মফিজ), মুক্তিযোদ্ধা সহ উপজেলা প্রশাসনের সকল কর্মচারী কর্মকর্তা গন।

-মুজিবনগর অফিস

মুজিবনগরে আইনশৃঙ্খলা বিষয়ক আলোচনা সভা

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আইনশৃঙ্খলা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ওসি আব্দুল হাশেম, কৃষি অফিসার আনিসুজ্জামান খাঁন বাইজিদ, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আবদুল হাসেম, সমাজসেবা অফিসার আব্দুর রব, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান (মফিজ) সহ উপজেলা প্রশাসনের সকল কর্মচারী কর্মকর্তা গন।

-মুজিবনগর অফিস

মেহেরপুরে পেঁয়াজসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে বিএনপির সমাবেশ

মেহেরপুর শহরের বড়বাজারে পেঁয়াজসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে সমাবেশ করেছে জেলা বিএনপি। সোমবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হবে।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, লুটেরা, কালো টাকার মালিক, জুয়াড়িদের হাতে রাষ্ট্র শাসন থাকলে জনগণের অধিকার পূরন হবে না। তিনি অবিলম্বে পেঁয়াজ, চালসহ দ্রব্যমুল্যের দাম কমানোর দাবী জানান।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, ইদ্রিস আলী, আবু সুফিয়ান হাবু, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক। সমাবেশে জেলা বিএনপির উপদেষ্টা ইদ্রিস আলী, তোজাম্মেল আযম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা সামসুল আলমসহ শতশত নেতাকর্মী অংশ নেন।
– নিজস্ব প্রতিনিধি

গাংনীতে পৃথক দুর্ঘটনায় আহত ৩

মেহেরপুরের গাংনী উপজেলার পৃথক স্থানে পৃথক দুর্ঘটনায় নারীসহ তিন জন আহত হয়েছে। আহতরা হলো গোপালনগর গ্রামের অটো চালক ওয়াহেদ (৬২), আলেপের মেয়ে হোসনে আরা(২৫) ও নওপাড়া গ্রামের মৃত ইয়াকুবের ছেলে জয়নাল।

সোমবার সকাল সাড়ে দশটার দিকে গাংনী-হাটবোয়ালিয়া রোডের র্যাব ক্যাম্পের সামনে একটি অটোগাড়ি সামনে থাকা আলগামনকে ধাক্কা দিলে অটোগাড়ির চালকসহ হোসনে আরা নামের ঐ যাত্রি আহত হয়। এতে চালকের পায়ে জখম হয় ও নারী যাত্রির মাথায় ও দেহের বিভিন্ন স্থানে আঘাত প্রাপ্ত হয়।

এদিকেএকই উপজেলার নওপাড়া গ্রামে জয়নাল গমের হপারে ফিতা পরাতে গেলে অসাবধানতাবশত হাত মেশিনের ভিতর চলে গেলে হাতের দুটো আঙ্গুল বিচ্ছিন্ন হয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরতা চিকিৎসক আহত জয়নালকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজে রেফার্ড করেন। বাকিরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।
- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে গাঁজা সহ আটক ১

মেহেরপুরে ৩০০ গ্রাম গাঁজা সহ সাজেদুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক সাজেদুল চুয়াডাঙ্গা জেলার জগন্নাথপুর গ্রামের এজারুল ইসলাম বগার ছেলে।

এ বিষয়ে মুজিবনগর থানা একটি নিয়মিত মামলা প্রক্রিয়াধী।

-নিজস্ব প্রতিনিধি